গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরান বাজার,
ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
১০ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ২৪.০২.০০০০.০০০.০০৩.৯৯.০০৯৩.২৫.৭৭

**বিষয়: আল-রায়ান ফ্যাশন লিমিটেড নামক বস্ত্র শিল্প কারখানা এর অনুকূলে আমদানি স্বত্ব হ্রাস পূর্বক ৩য় এডহক শিল্প আইআরসি নিয়মিতকরণের সুপারিশ প্রদান প্রসংগে।**

সূত্র: আবেদনপত্র নং-১১৮২, তারিখঃ ১৮/১১/২০২৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আল-রায়ান ফ্যাশন লিমিটেড, অফিসঃ ও কারখানাঃ কুতুব আইল, পোষ্ট অফিস রোড, ফতুল্লা, নারায়ণগঞ্জ। সম্প্রসারিত অংশঃ শিয়াচর, কুতুবপুর, ফতুল্লা, নারায়ণগঞ্জ ১০০% রপ্তানিমুখী "তৈরী পোশাক (নীট ও ওভেন) ও নিটিং উপ-খাতে নিবন্ধনকৃত একটি বস্ত্র শিল্প কারখানা। যা বস্ত্র অধিদপ্তরের নিবন্ধন নং- আরএমজি/ইএক্সপি/০০০৫৫৮-১৮, তারিখঃ ২৩/০৭/২০১৮ খ্রিঃ। শিল্প প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ নিয়মিত ভিত্তিতে কাঁচামাল আমদানির জন্য শিল্প আইআরসি নং- ২৬০৩২৬১২০৭৬৪৫২৩ নিয়মিতকরণের জন্য আবেদন জানালে, কারখানাটি এ অধিদপ্তরের একজন ইন্সপেক্টর সরেজমিনে পরিদর্শন করে বিস্তারিত তথ্যাদিসহ একটি পরিদর্শন প্রতিবেদন দাখিল করেন। উক্ত পরিদর্শন প্রতিবেদন এবং দাখিলকৃত কাগজপত্রাদি পরীক্ষা নিরীক্ষা করে প্রতিষ্ঠানটির অনুকূলে ৩য় এডহক শিল্প আইআরসি এর আমদানি সত্ত্ব হ্রাস করে ৩য় এডহক শিল্প আইআরসি নিয়মিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, ১০০% রপ্তানিমুখী "তৈরী পোশাক (নীট ও ওভেন) ও নিটিং" উপ- খাতের শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে নিম্নোক্ত ছক মোতাবেক কাঁচামাল আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ ২০২১-২৪ যথাযথ ভাবে প্রতিপালন করতে হবে।

| শিল্প উপখাত | বিদ্যমান আমদানি সত্ত্ব | সুপারিশকৃত বার্ষক আমদানি সত্ত্ব | মন্তব্য |
|---|---|---|---|
| "তৈরী পোশাক (নীট ও ওভেন) ও নিটিং" | ৫,০০,০০,০০০/- ( পাঁচ কোটি ) টাকা মাত্র | ১,২০,০০,০০০/- (এক কোটি বিশ লক্ষ) টাকা মাত্র | আমদানি সত্ত্ব হ্রাস করা হলো |

০২। অতএব, উপরিউক্ত সিদ্ধান্তের আলোকে আমদানি নীতি আদেশ এবং অন্যান্য সরকারি বিধিবিধান প্রতিপালন সাপেক্ষে আল-রায়ান ফ্যাশন লিমিটেড নামক বস্ত্র শিল্প কারখানা এর অনুকূলে ৩য় এডহক শিল্প আইআরসি এর বার্ষিক আমদানি স্বত্ব ১,২০,০০,০০০/- (এক কোটি বিশ লক্ষ) টাকা নির্ধারণপূর্বক শিল্প আইআরসি নিয়মিতকরণের জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সুপারিশ করা হলো। শিল্প প্রতিষ্ঠানটি ১০০% রপ্তানিমূখী "তৈরী পোশাক (নীট ও ওভেন) ও নিটিং" বিধায় আমদানিযোগ্য কাঁচামাল সমূহ (নিষিদ্ধ পণ্য ব্যতিত এবং শর্তযুক্ত পণ্য শর্ত প্রতিপালন সাপেক্ষে) বন্ডেড ওয়্যার হাউজ পদ্ধতির মাধ্যমে আমদানি করতে হবে। এ জন্য আইন ও বিধি অনুসারে কোন দায় বা দায়িত্ব থেকে তাকে অব্যাহতি দেবে না ।

০৩। উল্লেখ্য যে, এ সুপারিশ উক্ত প্রতিষ্ঠানের ব্যস্থাপনা কর্তৃপক্ষ-কে আইনগত কোন দায়মুক্তি প্রদান করবে না।

১০-১২-২০২৫
মো:সাইফুর রহমান
উপ-পরিচালক

প্রধান নিয়ন্ত্রক
প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।

**স্মারক নম্বর:** ২৪.০২.০০০০.০০০.০০৩.৯৯.০০৯৩.২৫.৭৭/১ (৬)

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
১০ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। ., নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

২। ,, কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।

৩। ., ব্যবস্থাপনা পরিচালক, আল-রায়ান ফ্যাশন লিমিটেড, অফিসঃ ও কারখানাঃ কুতুব আইল, পোষ্ট অফিস রোড, ফতুল্লা, নারায়ণগঞ্জ। সম্প্রসারিত অংশঃ শিয়াচর, কুতুবপুর, ফতুল্লা, নারায়ণগঞ্জ।

৪। ., ওয়ান স্টপ সার্ভিস, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।

৫। ., সহকারী মেনটেইন্যান্স ইঞ্জিনিয়ার, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।(ওয়েবসাইডে প্রকাশের জন্য)।

৬। ., অফিস কপি।।

১০-১২-২০২৫
কামরুল আলম
সহকারী পরিচালক